

কক্সবাজার ▶▶ ১৬তম সংখ্যা ▶▶ , মার্চ-২০১৬ ইংরেজি ▶▶ চৈত্র ১৪২২ বাংলা

সংলাপ কিশোরীদের আন্তর্জাতিক নারী দিবস উদযাপন



রামু উপজেলার সংলাপ কিশোরী এবং এস,আর,জি সদস্যরা রামু উপজেলা পরিষদের সাথে যৌথভাবে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করেছে। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রামু উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব, রিয়াজুল আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রামু উপজেলা নির্বাহী অফিসার জনাব, সেলিনা কাজী। উক্ত আলোচনা সভায় ঘরে এবং বাইরে নারীর অধিকার কিভাবে প্রতিষ্ঠা করা যায় সে বিষয়ে আলোচনা করা হয় বিস্তারিত। উপজেলা নির্বাহী অফিসার তার বক্তব্যে বলেন, নারীকে সর্বপ্রথম অধিকার দিতে হবে তার নিজের পরিবারে। পরিবারেই যদি সে অধিকার না পায় তাহলে সে বাইরে কোন ভাবেই নিজের অধিকার প্রতিষ্ঠা করতে পারবে না। অনুষ্ঠান শেষে সংলাপ কিশোরীরা উপজেলা নির্বাহী অফিসারের সাথে একান্তে কথা বলেন এবং যেকোন বিষয়ে তার সহযোগীতা কামনা করেন এবং কিশোরীদের বিভিন্ন অনুষ্ঠানে তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন।

কোয়ালিটি স্কুলের এস,ডি,পি রিভিউ করা হচ্ছে ২০১৬ সালের জন্য

সিডস প্রকল্পের কর্ম এলাকার তিন উপজেলার ১৫টি কোয়ালিটি স্কুলে এস,ডি,পি রিভিউ এর কাজ চলছে এবং বার্ষিক কর্মপরিকল্পনা করা হচ্ছে ২০১৬ সালের জন্য। বার্ষিক কর্ম পরিকল্পনা সভায় উপস্থিত থাকছেন সংশ্লিষ্ট স্কুলের শিক্ষক গণ, এস,এম,সি কমিটির সদস্যগণ, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, এবং অত্র ইউনিয়নের চেয়ারম্যান মহোদয় গণ। বার্ষিক কর্মপরিকল্পনা



সভায় সকলের অংশগ্রহনের মাধ্যমে ২০১৬ সালের কাজ গুলো সুনির্দিষ্ট করা হচ্ছে। স্কুলে আনন্দগণ পরিবেশ নিশ্চিতকরণ, এস,এম,সি দক্ষতা বৃদ্ধি, লোকাল রিসোর্স সংগ্রহ ইত্যাদি বিষয়ে গুরুত্ব দেয়া হচ্ছে। প্রতিটি কাজে এস,এম,সি কমিটির সদস্যদের, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের, ইউনিয়ন পরিষদের অংশগ্রহন নিশ্চিত করণে গুরুত্ব দেয়া হচ্ছে।

১২৬ জন শিক্ষার্থীকে কোচিং সাপোর্ট দেয়া হচ্ছে



২০১৬ সালে বিভিন্ন শ্রেণীর যেমন চতুর্থ এবং পঞ্চম শ্রেণীর ১২৬ জন শিক্ষার্থীকে মূলধারার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাধ্যমে কোচিং সাপোর্ট দেয়া হচ্ছে। ২০১৬ সালে সিডস কর্মএলাকায় আটটি কোচিং সাপোর্ট সেন্টার রয়েছে। প্রতিটি সেন্টারের জন্য আলাদা এক জন

করে শিক্ষক রয়েছে। সকাল ৮টা হতে ১০টা পর্যন্ত চলে এই কোচিং সাপোর্ট। এই ১২৬জন শিক্ষার্থী ২০১৫ সালে ব্রিজ স্কুলে ছিল। মূলত স্কুল ড্রপআউট শিক্ষার্থীদের নিয়ে ব্রিজ স্কুল গঠিত হয়। এক বছর তাদেরকে পাঠদান করানো হয় স্ব স্ব ক্লাসের। এবং পরবর্তী বছর ভর্তি করিয়ে দেয়া হয় মূলধারার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে। মূলত মূলধারার সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে তারা যেন পুনঃরায় ড্রপ আউট না হয় সে লক্ষ্যে এই কোচিং সাপোর্ট প্রদান করা হচ্ছে। শিক্ষার্থীদেরকে স্পেশাল অংক কোচিং সাপোর্ট এর মাধ্যমে শিক্ষার্থীদেরকে অংক এবং ইংরেজীর উপর আলাদা ভাবে গুরুত্ব দেয়া হচ্ছে। এক বছর ব্যাপি শিক্ষার্থীদেরকে এই সাপোর্ট দেয়া হবে। লক্ষ্যে একটাই তারা যেন আবার ও স্কুল থেকে ড্রপ আউট না হয়।

কৃষি ও প্রাণিসম্পদ বিষয়ে দক্ষ হয়ে উঠছে স্বনির্ভর দলের সদস্যরা ও কমিউনিটির লোকজন



গ্রামীণ হত দরিদ্র জন গোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়নে কৃষি ও প্রাণিসম্পদ বিষয়ে গ্রামীণ জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন খুবই প্রয়োজন। প্রশিক্ষণ না থাকায় ও পালন পদ্ধতি না জানায় প্রতি বছর কক্সবাজারে অনেক সংখ্যক হাঁস মুরগী বিভিন্ন রোগে মারা যায়। রোগে মারা যাওয়ার কারণে তারা হাঁস মুরগী পালনে আগ্রহ হারিয়ে ফেলে। এত দেশজ উৎপাদন ব্যহত হয় ও দরিদ্র মানুষ আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হয়। মর্যাদাপূর্ণ ও স্থায়িত্বশীল আর্থ সামাজিক ক্ষমতায়ন কর্মসূচীর অধীনে ১২টি ইউনিয়নের প্রত্যেকটিতে ২জন ব্যক্তিকে প্রাণিসম্পদ ও ২জন ব্যক্তিকে কৃষি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। কমিউনিটি ভিত্তিক সেবাদানকারী মোঃ আব্দুর রহমান হাঁস মুরগী পালন পদ্ধতি, রোগ ও টিকা সম্পর্কে প্রশিক্ষণ দিচ্ছেন বৈইলতালি গ্রামের সাগরিকা স্বনির্ভর দলের সদস্যদের ও কমিউনিটির লোকদের।

৩৫০০ পরিবারের পরিবার উন্নয়ন পরিকল্পনায় দ্বিতীয় বছরের বার্ষিক কর্ম পরিকল্পনার কাজ প্রায় শেষের দিকে

মর্যাদাপূর্ণ ও স্থায়িত্বশীল আর্থসামাজিক ক্ষমতায়ন কর্মসূচী (সীডস) এর অধীনে পঞ্চবার্ষিকী পরিকল্পনার ২য় বছরের কাজ সমূহ /পরিবার সমূহের স্বপ্ন সমূহ বাস্তবায়নের লক্ষ্যে

২০১৬ সালের কর্মপরিকল্পনা তৈরির কাজ প্রায় শেষ হওয়ার পথে। প্রথম বছরের স্বপ্ন সমূহের প্রায় শতকরা ৯০ ভাগ বাস্তবায়িত হয়েছে। দরিদ্র পরিবার সমূহ ধীরে ধীরে তাদের স্বপ্নের পূরণের দিকে যাচ্ছে। এক সময় পরিবার গুলো



নিজেদের নিয়ে অনেক স্বপ্ন ছিল ছিলোনা তাদের কোন পরিকল্পনা তাই এর বাস্তবায়ন সম্ভব হয়নি। আজ তারা জানে কি ভাবে পরিকল্পনা করতে হয়, তারা আজ জানে পরিকল্পনা কি, পরিকল্পনার গুরুত্ব তারা বুঝতে পেরেছে। এখন তাদের জীবনকালে নতুন স্বপ্ন দেখা দিচ্ছে। তারা আজ অনেক বেশি উজ্জ্বীত, অনেক বেশি আশা বাদী।

যোগাযোগ:

..... কোস্ট ট্রাস্ট, সিডস প্রোগ্রাম, কোস্ট কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র।
ফোন: ০৩৪১৬০১৮৬, ফ্যাক্স: ০৩৪১-৬০১৮৯, মোবাইলঃ ০১৭১৩-৩২৮৮২৭, ০১৭১৩-৩৬৭৪০৪
ই-মেইল:

web: www.coastbd.net